দৈনিক খবর

তারিখ 2 1 NOV 1992
পৃষ্ঠা ২ কলাম ৬

১৫৩
20

## প্রধান শিক্ষকের বক্তব্য

গতকাল ২০শে নভেম্বর দৈনিক খবরে সাংবাদিক সম্মেলনের বক্তব্য নির্ভর "শহীদ জিয়া বাসাবো প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ের ঘটনা তদন্ত দাবী" শীর্ষক প্রকাশিত সংবাদের বক্তব্যের প্রতিবাদ করেছেন স্কুলের প্রধান শিক্ষক কাজী আকরামুজ্জামান।

প্রকাশিত সংবাদে তার প্রতিপক্ষের অভিযোগসমূহ ভিত্তিহীন, উদ্দেশ্যপ্রণোদিত ও বানোয়াট বলে উল্লেখ করে জনাব কাজী আকরামুজ্জামান বলেন, তিনি ১৯৮৯ সাল থেকে বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে প্রতিষ্ঠানের সার্বিক উন্নতিতে সচেষ্ট রয়েছেন। বিদ্যালয়ের পরিচালনা পরিষদে কোন মাস্তান বা কালোবাজারী নেই। স্কুলের টাকা আত্মসাতের অভিযোগও কল্পনাপ্রসূত। স্কুল নিবন্ধনের নামেও কোন অর্থকড়ি তিনি হাতিয়ে নেননি। উপরন্তু সাংবাদিক সম্মেলনে অভিযোগ উত্থাপনকারীরা বলপূর্বক তার দপ্তরে প্রবেশ করে তছনছ করে এবং তালা ঝুলিয়ে দেয়। সাংবাদিক সম্মেলনে যারা পরিচালনা পরিষদের সদস্য বলে পরিচয় দিয়েছেন তা ভুয়া। তার বিরুদ্ধে প্রিক্যাডেট স্কুল ও ব্যবসায়ের সাথে জড়িত থাকার যে অভিযোগ আনা হয়েছে তাও সত্য নয় বলে তিনি দাবী করেন।